দৈনিক বাংলা

তারিখ ... 02 OCT 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ৭ ...

28

36

# জুলাইর মধ্যে সাড়ে ৪ হাজার প্রাথমিক স্কুল নির্মিত হবে ঃ কাজী জাফর

প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ দেশপ্রেম চেতনায় এবং ভবিষ্যৎ বংশধরদের প্রতি দায়িত্ব বোধে উদ্বুদ্ধ হয়ে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচী সফল করে তুলতে কাজ করার জন্য শিক্ষা কর্মকর্তাদের প্রতি আহ্বান জানিয়েছেন।

বাসসর খবরে প্রকাশ, সোমবার জাতীয় যাদুঘর মিলনায়তনে প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা

(৪–এর পৃঃ দ্রঃ)

## কাজী জাফর

(প্রথম পৃঃ পর)

পরিদফতরের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সম্মেলন উদ্বোধনকালে প্রধানমন্ত্রী বলেন, এই কর্মসূচীর সাফল্যের মধ্য দিয়ে জাতির সামনে নতুন পথ উন্মোচিত হবে।

আগামী জানুয়ারী থেকে যে কর্মসূচী শুরু হতে যাচ্ছে তা বাস্তবায়নের কৌশল নির্ধারণের জন্য এ সম্মেলন আহূত হয়েছে।

প্রধানমন্ত্রী বলেন, কর্মসূচীর সফল বাস্তবায়নের সুবিধার্থে আগামী বছরের জুলাইয়ের মধ্যে সাড়ে চার হাজার নতুন প্রাথমিক স্কুল নির্মাণ করা হবে।

কাজী জাফর বলেন, সম্মেলনের সামনে যে ইস্যুটি রয়েছে তা জাতির জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ ও তাৎপর্যবহ। তিনি আরও বলেন, নিরক্ষরতার বিরুদ্ধে লড়াইয়ে হেরে যাওয়া আমাদের চলবে না। হয় আমাদের জয়ী হতে হবে নয়ত নিশ্চিহ্ন হয়ে যেতে হবে।

প্রধানমন্ত্রী বর্তমান দিনের চাহিদা মেটানোর জন্য নতুন শিক্ষা পদ্ধতি প্রবর্তন প্রশ্নে জাতীয় ঐকমতে পৌছানোর প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করেন।

প্রেসিডেন্টের প্রাথমিক শিক্ষা উপদেষ্টা মনসুর আলী সরকার এবং শিক্ষা সচিবও উদ্বোধনী অধিবেশনে ভাষণ দেন।